তারিখ ...10 SEP 2016...
পৃষ্ঠা ...১... কলাম ...৫...

দৈনিক
ইত্তেফাক

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে অনুপস্থিত ৫৩ শিক্ষার্থী

## জঙ্গি সংশ্লিষ্টতা খতিয়ে দেখার আহ্বান

■ ইবি (কুষ্টিয়া) সংবাদদাতা

অবশেষে দীর্ঘদিন ধরে অনুপস্থিত থাকা ৫৩ শিক্ষার্থীর নামের তালিকা প্রকাশ করেছে ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। অনুপস্থিত থাকা শিক্ষার্থীদের ব্যাপারে দ্রুত তদন্ত করে ব্যবস্থা নিতে রেজিস্ট্রার, ছাত্র উপদেষ্টা ও প্রক্টরিয়াল বডিকে নির্দেশ দেওয়া হয়েছে। অনুপস্থিত থাকা এসব শিক্ষার্থীর বিরুদ্ধে জঙ্গি সংশ্লিষ্টতার অভিযোগ রয়েছে কি না তা-ও আইন-শৃঙ্খলা বাহিনীকে খতিয়ে দেখতে বলা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর ড. মাহবুবর রহমান গতকাল শুক্রবার অনুপস্থিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশের বিষয়টি নিশ্চিত করে ইত্তেফাককে বলেন, শিক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ মঞ্জুরী কমিশনের নির্দেশনা অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় সভাপতিদের থেকে প্রাপ্ত তথ্য মতে ৫৩জন অনুপস্থিত শিক্ষার্থীর খসড়া তালিকা প্রস্তুত করা হয়েছে। এ ব্যাপারে অভিযোগ বা সংশোধনী থাকলে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, ছাত্র উপদেষ্টা বা প্রক্টরকে অবহিত করতে বলা হয়েছে। ঈদুল আজহার ছুটি শেষে অফিস খোলার পর অভিযোগ যাচাই-বাছাই করে চূড়ান্ত তালিকা প্রস্তুত করা হবে।

সূত্র জানায়, সম্প্রতি দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের নিখোঁজ কয়েকজন শিক্ষার্থীর টার্গেট কিলিং ও জঙ্গি হামলার সঙ্গে সংশ্লিষ্টতার প্রমাণ পাওয়া যায়। কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের অনুপস্থিত শিক্ষার্থীদের বিরুদ্ধে এ ধরনের অভিযোগ রয়েছে বলে সন্দেহ করে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন। সেই হিসাবে বিষয়টি তদন্ত করে অনুপস্থিত শিক্ষার্থীদের তালিকা তৈরির তাগিদ দেয় মঞ্জুরি কমিশন।

গতকাল বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এস এম আব্দুল লতিফ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে অনুপস্থিত শিক্ষার্থীদের নাম এবং রোল নং প্রকাশ করা হয়। তালিকায় দেখা গেছে, ফোকলোর স্টাডিজ বিভাগে ৬ জন শিক্ষার্থী অনুপস্থিত রয়েছেন। এরা হলেন—চয়ন শাহ, শহিদুল ইসলাম, খালেদ সাইফুল্লাহ, রিনা পারভীন, ইদরে জাহা জয় ও শারমিন ইসলাম। ব্যবস্থাপনা বিভাগে অনুপস্থিত শিক্ষার্থীর সংখ্যা ১১। এরা হলেন—সুলতান আরেফিন, মতিয়ার রহমান, আরিফুল ইসলাম, মেহেদী হাসান কনক, জুয়েল রানা, শাহরিয়ার আলম, সিবাস কুমার দাস, নাজমুল ইসলাম, নাজমুস সাকিব, আল মাউন ও মুসফিকুর রহমান। ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগে রয়েছে ১৩ জন। এরা হলেন—সাহেদুজ্জামান, কামরুজ্জামান, পারুল সুলতান, আম্বিয়া খাতুন, আমজাদ হোসেন, রাজু মিয়া, আব্দুল জব্বার, শাহিন আলম, মিলন হোসেন, হাসেম শেখ, মিলটন ভূইয়া, নাজমুস সাকিব ও পারভেজ হোসেন। মার্কেটিং বিভাগের অনুপস্থিত শিক্ষার্থীর সংখ্যা ৪ জন। তারা হলেন—মেহেদী হাসান, মোস্তাফিজুর রহমান খান,

পৃষ্ঠা ১৯ কলাম ১

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে

প্রথম পৃষ্ঠার পর

তাইজুল ইসলাম, রানা খান ও গোলাম কাদের। এছাড়া ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি বিভাগে অনুপস্থিত রয়েছেন ১৮জন শিক্ষার্থী। তালিকায় যাদের নাম রয়েছে তাদেরকে আগামী ২২ সেপ্টেম্বরের মধ্যে সংশ্লিষ্ট বিভাগ, রেজিস্ট্রার, প্রক্টর এবং ছাত্র উপদেষ্টা অফিসে যোগাযোগ করতে বলা হয়েছে।